

মুক্ত হলেন আনিসুল হক

প্রকাশিত: ১১:০৪ এএম, ২৯ নভেম্বর ২০১৫



ছবি - বিপ্লব দিক্ষিৎ

কড়া পুলিশি প্রহরায় অপরূহ অবস্থা থেকে মুক্তি পেলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। বিকেল সাড়ে ৪টার দিকে পুলিশের কড়া নিরাপত্তায় তাকে তেজগাঁওস্থ শ্রমিক ইউনিয়ন অফিস থেকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয়।

এর আগে রোববার দুপুরে রাজধানীর তেজগাঁও এলাকার ট্রাক স্ট্যান্ডে উচ্ছেদ অভিযানকালে শ্রমিকদের সঙ্গে সংঘর্ষ বাধে উচ্ছেদকর্মীদের। ঘটনার একপর্যায়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হককে অপরূহ করে রাখে উত্তেজিত শ্রমিকরা।

সর্বশেষ খবর পাওয়া পর্যন্ত এ ঘটনায় দুই জন গুলিবিদ্ধ হয়েছেন। আহতরা হলেন, রাকিব ট্রান্সপোর্টের ম্যানেজার বদরুদ্দোজা (৫২) ও কাভার্ড ভ্যান মালিক জসিম উদ্দিন (৪০)। তাদের আহত অবস্থায় উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে ভর্তি করা হয়েছে।

প্রসঙ্গত, রোববার দুপুরে পুলিশকে সঙ্গে নিয়ে তেজগাঁও এলাকার ট্রাকস্ট্যান্ড এলাকা থেকে অবৈধভাবে পাকিং করা ট্রাক সরাতে গেলে হামলার শিকার হন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক ও রেল মন্ত্রী মুজিবুল হক। এ ঘটনার পরপরই তিনি তাৎক্ষণিকভাবে সংবাদ সম্মেলন করে এ কথা বলেন।